

বিজ্ঞপ্তি নং - ৩১২

-এ,

তারিখঃ ০৭ শাবণ, ১৪৩২ বঙ্গাব্দ  
২২ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, বিগত ২১/০৭/২০২৫ খ্রি. তারিখ আনুমানিক দুপুর ১.০৬ ঘটিকায় বাংলাদেশ বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান (এফটি-৭ বিজিআই) বিমান বাহিনী ঘাঁটি এ কে খন্দকার, ঢাকা থেকে উড্ডয়ন করে। উড্ডয়নের কিছুক্ষণ পর বিমানটিতে যান্ত্রিক ত্রুটি দেখা দেয় এবং বিমানটি নিয়ন্ত্রণ হারিয়ে ঢাকার উত্তরায় অবস্থিত মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিধ্বস্ত হয়।

এই আকস্মিক দুর্ঘটনায় বাংলাদেশ বিমান বাহিনীর বৈমানিক, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বেশ কয়েকজন শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারী নিহত ও আহত হয়েছেন। বাংলাদেশের প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদ মহোদয় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপনের পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

উক্ত দুর্ঘটনায় নিহতের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে অদ্য ২২/০৭/২০২৫ খ্রি. তারিখ মঙ্গলবার বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের বিচারিক কার্যক্রম শুরু করার পূর্বে ০১ (এক) মিনিট নীরবতা পালন করা এবং দুপুর ২.০০ ঘটিকা হতে উভয় বিভাগের বিচারিক কার্যক্রম (চেম্বার কোর্টসহ) বন্ধ রাখার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত  
(ড. আজিজ আহমদ ভূঞা)  
রেজিস্ট্রার জেনারেল  
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।  
ই-মেইলঃ [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)

স্মারক নং - ৬৩৮৫

-এ,

তারিখঃ ০৭ শাবণ, ১৪৩২ বঙ্গাব্দ  
২২ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিজ্ঞ অ্যাটার্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪. সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সভাপতি/সেক্রেটারি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৬. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. অতিরিক্ত রেজিস্ট্রার .....(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. ডেপুটি রেজিস্ট্রার .....(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. সহকারী রেজিস্ট্রার .....(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১১. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৪. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. কোর্ট অফিসার/কোর্ট কীপার, হাইকোর্ট/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৬. সুপারিনটেনডেন্ট .....(সকল) হাইকোর্ট/আপীল, বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৭. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি মহোদয় (সকল)। (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধ করা হলো)।
১৮. নোটিশ বোর্ড।

(ড. মোঃ আতিকুর্স সামাদ)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)